যুগান্তর

3 OCT 2013

যশোর ক্যান্টনমেন্ট কলেজ

# ৬৫ শিক্ষক কর্মচারী নিয়োগের ব্যাপারে হাইকোর্টের রুল

যশোর ব্যুরো

যশোর ক্যান্টনমেন্ট কলেজে ৬৫ শিক্ষক কর্মচারী নিয়োগ ও ক্যান্টনমেন্ট বোর্ডের অনুমোদন ছাড়া অনার্স কোর্স চালু কেন অবৈধ ঘোষণা করা হবে না, তা জানতে চেয়ে হাইকোর্ট থেকে রুল জারি করা হয়েছে।

একই সঙ্গে কলেজের বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির বিষয়ে আগামী চার সপ্তাহের মধ্যে জবাব দিতে বিচারপতি নাঈমা হায়দার এবং বিচারপতি জাফর আহমেদের সমন্বয়ে গঠিত বেঞ্চ থেকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে চিঠি দেয়া হয়েছে। কলেজের গণিত বিভাগের শিক্ষক আবদুল হামিদ ও ইংরেজি বিভাগের শিক্ষক নাজমুল হাসানের নেতৃত্বে সংক্ষুব্ধ ১৪ শিক্ষক হাইকোর্টে রিট করার পর সম্প্রতি এ আদেশ দেয়া হয়। কলেজের ইংরেজি বিভাগের শিক্ষক নাজমুল হাসান জানান, ১৯৯৭ সাল থেকে ২০১২ সাল পর্যন্ত ক্যান্টনমেন্ট অ্যাক্ট ১৯২৪ এবং ক্যান্টনমেন্ট সার্ভিস রুলস ১৯৫৪ ভঙ্গ করে ৪৩ জন শিক্ষক ও ২২ জন কর্মচারী নিয়োগ, ক্যান্টনমেন্টস অ্যাকাউন্ট কোড ১৯৫৫ উপেক্ষা করে আর্থিক লেনদেন, ক্যান্টনমেন্ট বোর্ডের অনুমোদন ছাড়া অনার্স কোর্স চালু, নিয়ম বহির্ভূতভাবে উচ্চ মাধ্যমিক শ্রেণীর শিক্ষার্থীদের কাছ থেকে বার্ষিক এক হাজার টাকা উন্নয়ন ফি ও মাসিক বিবিধ ফি হিসেবে একশ' টাকা অতিরিক্ত আদায় করায় ১ অক্টোবর হাইকোর্টে রিট করা হয়। এ ব্যাপারে কলেজের অধ্যক্ষ বোরহানুল সুলতান জানান, কলেজ পরিচালনা পরিষদের বিভিন্ন অভিযোগের বিষয়ে হাইকোর্টে রিট করার কথা তিনি শুনেছেন। তবে আদালতের এ সংক্রান্ত কোনো কাগজপত্র এখনও তার হাতে আসেনি।